

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী
(ভূমি অধিগ্রহণ শাখা)
www.rajshahi.gov.bd
[ধারা ৭ এর (১) নং উপ-ধারা দ্রষ্টব্য]
এলএ কেস নম্বর- ০২/২০২২-২৩

নোটিশ

জারির নম্বর- ৬৯০

তারিখ- ০৫/০২/২০২২

প্রাপক :

- ০১। জেলা প্রশাসক, রাজশাহী, মহোদয়ের নোটিশ বোর্ডে বহুল প্রচারের জন্য।
- ০২। সহকারী কমিশনার (ভূমি), বোয়ালিয়া, রাজশাহী এর নোটিশ বোর্ড।
- ০৩। সহকারী কমিশনার (আইসিটি), জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী। (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ০৪। মেয়র, রাজশাহী সিটি কর্পোরেশন এর নোটিশ বোর্ডে বহুল প্রচারের জন্য।
- ০৫। বড়কুঠি ভূমি অফিস, বোয়ালিয়া, রাজশাহী এর নোটিশ বোর্ডে বহুল প্রচারের জন্য।
- ০৬। আরাজি শিরইল মৌজার প্রকাশ্য স্থানে লটকিয়ে জারি।
- ০৭। অফিস কপি।

এতদ্বারা স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল আইন, ২০১৭ (২০১৭ সনের ২১ নম্বর আইন) এর ৭ ধারা মোতাবেক নোটিশ প্রদান করা যাইতেছে যে, সরকার নিম্নতফসিলভুক্ত সম্পত্তি “উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন নির্মাণ প্রকল্প এর আওতায় রাজশাহী মহানগর এলাকায় মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন নির্মাণ” শীর্ষক প্রকল্পের আওতায় রাজশাহী জেলার বোয়ালিয়া থানাধীন আরাজি শিরইল মৌজায় রাজশাহী মহানগর এলাকায় মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন নির্মাণের জন্য অধিগ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করিবার এবং উহার দখল গ্রহণ করিতে মনস্থ করিয়াছেন;

অতএব, উক্ত সম্পত্তির মালিক/দখলকার/স্বার্থবান ব্যক্তিগণকে এতদ্বারা অনুরোধ জানান যাইতেছে যে, তাহারা যেন ব্যক্তিগতভাবে অথবা তাহাদের ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির মাধ্যমে আগামী ০৫/০২/২০২২ খ্রিঃ তারিখের মধ্যে সকাল ৯.৩০ ঘটিকা হতে বিকাল ৩.০০ ঘটিকার মধ্যে জেলা প্রশাসকের কার্যালয় এর ভূমি অধিগ্রহণ শাখায় নিম্নস্বাক্ষরকারীর নিকট উপস্থিত হইয়া,

- ক. উক্ত সম্পত্তিতে তাহার/তাহাদের স্বার্থের প্রকৃতি এবং উক্তরূপ স্বার্থের ভিত্তিসহ দাবির পূর্ণ বিবরণ প্রদান করবেন এবং
- খ. উক্ত সম্পত্তির বা উহার কোন অংশের অংশীদার, লীজগ্রহীতা অথবা অন্য কেহ উহাতে স্বার্থবান হইলে বা উক্ত সম্পত্তি বাবদ তাহারা কেহ কোন স্বার্থ বা লভ্যাংশ লাভ করিয়া থাকিলে উহার প্রকৃতি সম্পর্কে যতদূর সম্ভব বিবৃতি প্রদান করিবেন অথবা লিখিত বিবৃতি পেশ করিবেন।
- গ. শুনানীকালে প্রদর্শনের জন্য সকল দলিলাদি/কাগজপত্র সংগে আনিবেন;

তফসিল

মৌজা- আরাজি শিরইল		জেএল নং- ১১		উপজেলা/থানা- বোয়ালিয়া		জেলা- রাজশাহী।
ক্রমিক নং	খতিয়ান নং	দাগ নং	জমির শ্রেণি (রেকর্ডীয়)	অধিগ্রহণের জন্য প্রস্তাবিত জমির পরিমাণ (একরে)	মন্তব্য	
১	২	৩	৪	৫	৬	
১	৭২	১৭	অফিস	০.০৮২৫		

অধিগ্রহণকৃত জমির ভূমি মালিক/স্বার্থ সংশ্লিষ্ট ব্যক্তিগণের জন্য জ্ঞাতব্য :

- ০১। নিজে অথবা ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির মাধ্যমে সরাসরি আবেদন করুন। ক্ষমতা প্রদানের জন্য নির্ধারিত ফরম ব্যবহার করুন।
- ০২। অনলাইনে আবেদন, ফরম ও পদ্ধতি জানার জন্য এ কার্যালয়ের ওয়েব সাইট www.rajshahi.gov.bd ভিজিট করুন।

০৫/০২/২২

জেলা প্রশাসক/
ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা